

বিজিআইসি টাওয়ার, ( ১ম- ৪র্থ এবং ৯ম- ১০ম তলা )

নম্বর ৫৩.২২.০০০০.১১০.১৭.০০১.১৯.৭৯

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭

২৪ আগস্ট ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটে 'বঙ্গবন্ধু বুক কর্ণার' এবং 'ডিজিটাল ডিসপ্লে বোর্ড' উদ্বোধন ও 'শুদ্ধাচার' এবং 'ইনোভেশন' পুরস্কার ২০১৯-২০ বিতরণ

২৪ আগস্ট ২০২০ তারিখ (সোমবার) বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের লাইব্রেরিতে “বঙ্গবন্ধু বুক কর্ণার” এবং ইন্সটিটিউট প্রাঙ্গণে “ডিজিটাল ডিসপ্লে বোর্ডের” উদ্বোধন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। একইসাথে ইন্সটিটিউট প্রাঙ্গণে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর তথ্যচিত্র প্রচার কার্যক্রমের উদ্বোধন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদযাপন এবং জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে মাসব্যাপী কর্মসূচি পালনের অংশ হিসেবে এই আয়োজন করা হয়। এরপর ইন্সটিটিউটের ২০১৯-২০২০ অর্থবছরের 'শুদ্ধাচার পুরস্কার' এবং 'ইনোভেশন পুরস্কার' বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।

অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম প্রধান অতিথির বক্তব্যে বলেন, “জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে আমাদের সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।” তিনি আরও বলেন যে “শুধুমাত্র ব্যক্তিগত উন্নয়ন করে জাতিগত সমৃদ্ধি অর্জন সম্ভব নয়।” তিনি এসময় বঙ্গবন্ধুর স্মারক রাজনীতির উদাহরণ দেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার এবং বিআইসিএম এর পরিচালনা পর্ষদের সদস্য ড. শেখ শামসুদ্দিন আহমেদ বলেন, “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও চেতনাকে আমাদের অন্তরে ধারণ করতে হবে।”

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের নির্বাহী প্রেসিডেন্ট অধ্যাপক ড. মাহমুদা আক্তার বলেন, “সততা, নৈতিকতা ও শুদ্ধাচার পালনের উপর গুরুত্বারোপ করতে হবে। আমরা সকলে যদি নিজেদের দায়িত্ব সঠিকভাবে পালন করি তাহলেই দেশ এগিয়ে যাবে। বঙ্গবন্ধুর আত্মত্যাগ সার্থকতা পাবে।” তিনি আরও উল্লেখ করেন যে বিআইসিএম এর উদ্ভাবনী ধারণা কাজে লাগিয়ে করোনা অতিমারিকালীন সময়েও অনলাইনে ইন্সটিটিউটের শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে।

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের ২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার পেয়েছেন জনাব আসিফ ইমরান (ডেপুটি রেজিস্ট্রার), ও মো: রাকিবুল হাসান (অফিস সহায়ক); ২০১৯-২০ অর্থবছরের ইনোভেশন পুরস্কার পেয়েছেন জনাব মো: হাবিবুল্লাহ এসিসিএ (সহকারী অধ্যাপক), ও জনাব খালেদা জেসমিন (জনসংযোগ কর্মকর্তা)।



২৫-৮-২০২০

খালেদা জেসমিন  
জনসংযোগ কর্মকর্তা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সহকারী সিস্টেম এডমিনিস্ট্রেটর, আইটি বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (ইন্সটিটিউটের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)